# ২০২৪

# বাংলা

## (প্রোগ্রাম)

জেনেরিক ইলেকটিভ কোর্স (GE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-G-GE-T-2

(বাংলা নাটকপাঠ)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) কোন্ পত্রিকায় সর্বপ্রথম 'চাঁদ বণিকের পালা' নাটকটি প্রকাশিত হয়? সেখানে নাট্যকারের নাম কী ছিল?

খ) 'যতো পাপ শুধু নারীর বেলাতে'— কে কাকে একথা বলেছেন?

গ) কোন্ নাট্য-গোষ্ঠীর সহায়তায় 'পাগলা ঘোড়া' নাটকটি প্রথম কবে অভিনীত হয়?

ঘ) 'আদর্শ খুব কাজের জিনিস'—রচনার নাম উল্লেখ করে তাৎপর্য লেখো।

ঙ) 'কারাগার' নাটকটি প্রথম কবে কোন্ থিয়েটার মঞ্চস্থ হয়?

চ) 'পাগলা ঘোড়া' নাটকে হিমাদ্রী, কার্তিক, শশী, সাতু এদের মধ্যে যে-কোনো একজনের গল্প লেখো।

(পরের পাতায়)

ছ) 'আমি তবে তোমায় পেলাম চন্দনা'—বক্তা কে? চন্দনা কী বলেছে?

জ) চাঁদের সমুদ্র যাত্রার উদ্দেশ্য কী ছিল? সেই উদ্দেশ্য ব্যর্থ হয়েছিল কেন?

ঝ) ন্যাড়া কে? সে কোন্ সর্বনাশের খবর চাঁদকে দেয়?

ঞ) 'পাগলা ঘোড়া ক্ষেপেছে'— উক্তিটি কার? নাটকে পাগলা ঘোড়া কিসের প্রতীক রূপে ধরা দিয়েছে?

ট) অঞ্জনা কে? সে কী নিয়ে প্রবেশ করে মঞ্চে?

ঠ) 'পাগলা ঘোড়া' নাটকের রচনা সাল কত? নাট্যকারের আসল নাম কী?

ড) 'চাঁদ বণিকের পালা'য় কে কোথায় প্রথম মনসা পূজা করেন?

ঢ) 'নিরন্ধ্র মেঘে মেঘে অন্ধ গগন'— গানটি কোন্ নাটকের, কার কণ্ঠে গাওয়া হয়েছে?

ণ) কারা যদু কুলের আরাধ্য দেবতা নারায়ণ বিগ্রহ ধ্বংস করলো?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'এর কাহিনি নিয়ে কেউ ছোটগল্পই লিখবে না, উপন্যাস তো দূরের কথা'— কোন্ রচনার অংশ? কাহিনিটি নিজের ভাষায় লেখো।

খ) চাঁদের বিরুদ্ধে বেণীনন্দন কী কী অভিযোগ করেছিলেন মহামাণ্ডলিকের কাছে?

গ) 'সদাগর, আমি তোমার পায়ে ধরি-তোমারে ব্যগ্রতা করি—এইটুকু অনুমতি দেও-সদাগর'— আলোচ্য অংশের বক্তা কে? সদাগর বলতে কাকে বোঝানো হয়েছে? এখানে কোন্ অনুমতির কথা বলা হয়েছে?



ঘ) 'আর কি আমারে নিয়্যা ঘর করা তোমার সম্ভব'—বক্তা কে? কাকে সে একথা বলেছে? একথা বলার কারণ কী?

ঙ) মালতির গল্পটা সংক্ষেপে বর্ণনা করো।

চ) 'ঐ দৈববাণী ব্যর্থ করবার জন্য আমকে প্রতিশ্রুতি দিতে হল তোমার সন্তান জন্মগ্রহণ করলেই কংসের হাতে সমর্পণ করব'—এখানে কোন্ দৈববাণীর কথা বলা হয়েছে? কে কী প্রতিশ্রুতি দিয়েছিল?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'চাঁদ বণিকের পালা' নাটকে আলো অন্ধকারের যে দ্বন্দ্ব নাট্যকার ফুটিয়ে তুলেছেন তার পরিচয় দাও।

খ) 'মন্মথ রায়ের পৌরাণিক নাটক মোটেই পৌরাণিক নয়' - 'কারাগার' নাটক অবলম্বনে তা আলোচনা করো।

গ) মনসামঙ্গল থেকে 'চাঁদ বণিকের পালা'র স্বাতন্ত্র্য কোথায়? ব্যাখ্যা করো।

ঘ) 'পাগলা ঘোড়া' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।